29/Cons

গঠণতন্ত্র

বাংলাদেশ টেনিস ফেডারেশন
BANGLADESH TENNIS FEDERATION

বাংলাদেশ টেনিস ফেডারেশন

BANGLADESH TENNIS FEDERATION

জাতীয় টেনিস কমপ্লেক্স, রমনা গ্রীন, ঢাকা ১০০০

ফোন ঃ ৮৮০ ২ ৮৬২৬২৮৭ ফ্যাক্স ঃ ৮৮০ ২ ৯৬৬২৭১১

ইমেইল ঃ btf@bttb.net.bd bdtf@bdcom.com

গঠণতন্ত্র

(CONSTITUTION)

সূচীপত্র

	বিষয়	পৃষ্ঠা
০১।	শিরোনাম ও এলাকা	১
০২।	পরিধি	১
০৩।	সংজ্ঞা	১
০৪।	অনুমোদন	১
০৫।	পতাকা ও মনোগ্রাম	১
০৬।	সদর দপ্তর	১
০৭।	ফেডারেশনের উদ্দেশ্য ও কার্যপরিধি	২
০৮।	সাধারণ পরিষদ	২
০৯।	ফি এবং চাঁদা	৩
১০।	এ্যাফিলিয়েশনের প্রকৃতি	৪
১১।	সাধারণ পরিষদের সদস্যপদ বাতিল	৪
১২।	কার্যনির্বাহী কমিটি	৪
১৩।	কার্যনির্বাহী কমিটির কর্মকর্তাদের দায়িত্ব ও কার্যাবলী	৫
১৪।	সভা	৭
১৫।	কোরাম	৯
১৬।	উপস্থিতি	৯
১৭।	তহবিল	৯
১৮।	পরিদর্শন ও হিসাব নিরীক্ষা	৯
১৯।	ফেডারেশনের কার্যপ্রণালী	৯
২০।	আর্থিক ক্ষমতা	১০
২১।	গঠণতন্ত্র সংশোধন	১০
২২।	নির্বাচন	১০
২৩।	নির্বাচন কমিশন	১১
২৪।	নির্বাচিত কমিটির দায়িত্ব গ্রহণ	১১
২৫।	ভাতা	১১
২৬।	পদ শূণ্য	১১
২৭।	তহবিলের উৎস	১১
২৮।	আরবিট্রেশন	১১

জানোয়ারুল ইসলাম
জাতীয় ক্রীড়া পরিষদ

বাংলাদেশ টেনিস ফেডারেশন এর গঠণতন্ত্র

১. শিরোনাম ও এলাকা ঃ

এই গঠণতন্ত্রকে বাংলাদেশ টেনিস ফেডারেশন (বিটিএফ) এর গণতন্ত্র বলা হইবে।

২. পরিধি ঃ

বাংলাদেশ টেনিস ফেডারেশন জাতীয় পর্যায়ে সর্বোচ্চ টেনিস সংগঠন। ইহা এশিয়ান টেনিস ফেডারেশন, আন্তর্জাতিক টেনিস ফেডারেশনের সদস্যরূপে অন্তর্ভূক্ত এবং জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক স্বীকৃত টেনিস সংগঠন। সমগ্র বাংলাদেশ ইহার আওতাভূক্ত হইবে।

৩. সংজ্ঞা

ক) বিশেষভাবে উল্লেখিত না হইলে এই গঠণতন্ত্রে বর্ণিত ফেডারেশন বলিতে বাংলাদেশ টেনিস ফেডারেশনকে বুঝাইবে।

খ) 'গঠণতন্ত্র' বলিতে বাংলাদেশ টেনিস ফেডারেশনের গঠণতন্ত্র বুঝাইবে।

গ) 'জেলা', 'বিভাগ' প্রভৃতি দ্বারা প্রশাসনিক বিভাগ/জেলা/উপজেলা/থানাকে বুঝাইবে।

ঘ) 'অঞ্চল' বলিতে বাংলাদেশ টেনিস ফেডারেশন কর্তৃক নির্ধারিত এলাকা বুঝাইবে।

ঙ) 'সদস্য-সংস্থা' বলিতে বাংলাদেশ টেনিস ফেডারেশনের এ্যাফিলিয়েটেড সংস্থা সমূহ বুঝাইবে।

চ) 'সাধারণ পরিষদ' বলিতে বাংলাদেশ টেনিস ফেডারেশনের সাধারণ পরিষদকে বুঝাইবে।

ছ) 'নির্বাহী পরিষদ' বলিতে বাংলাদেশ টেনিস ফেডারেশনের কার্য নির্বাহী পরিষদকে বুঝাইবে।

জ) 'টেনিস' বলিতে আন্তর্জাতিক টেনিস ফেডারেশন (আইটিএফ) অনুমোদিত নিয়মানুযায়ী পরিচালিত লন টেনিস খেলাকে বুঝাইবে।

৪. অনুমোদন ঃ

বাংলাদেশ টেনিস ফেডারেশন জাতীয় ক্রীড়া পরিষদ, আঞ্চলিক ও আন্তর্জাতিক সকল টেনিস সংস্থার সদস্যরূপে স্বীকৃতি গ্রহণ ও দেশের পক্ষে প্রতিনিধিত্ব করিবে।

৫. পতাকা ও মনোগ্রাম ঃ

বাংলাদেশ টেনিস ফেডারেশন এর সাধারণ পরিষদ অনুমোদিত নিজস্ব পতাকা ও মনোগ্রাম থাকিবে। পতাকার পরিমাপ হইবে ৫ঃ৩।

৬. সদর দপ্তর ঃ

বাংলাদেশ টেনিস ফেডারেশন সদর দফতর ঢাকায় থাকিবে।

কাজী আনোয়ারুল ইসলাম
পরিচালক (ক্রীড়া), জাতীয় ক্রীড়া পরিষদ
ও
সদস্য সচিব
গঠনতন্ত্র পরীক্ষা-নিরীক্ষা কমিটি

৭. ফেডারেশনের উদ্দেশ্য ও কার্যপরিধি ঃ

প্রয়োজনীয় অর্থ প্রাপ্তি / সংগ্রহ সাপেক্ষে ফেডারেশনের নিম্নবর্ণিত কার্যাদি থাকিবে ঃ

৭.১ সমগ্র বাংলাদেশে টেনিস খেলার যাবতীয় কার্যাদি, প্রসার, উন্নয়ন ও সমন্বয় সাধন।

৭.২ এশিয়ান টেনিস ফেডারেশন (এটিএফ)/আন্তর্জাতিক টেনিস ফেডারেশন (আইটিএফ) ও অন্যান্য আন্তর্জাতিক টেনিস সংস্থা থেকে স্বীকৃতি গ্রহণ।

৭.৩ বিভাগীয় ক্রীড়া সংস্থা/জেলা ক্রীড়া সংস্থা, বিশ্ববিদ্যালয়, শিক্ষা বোর্ড অন্যান্য ক্রীড়া সংস্থা (টেনিস) ও টেনিস ক্লাব সমূহকে স্বীকৃতি প্রদান।

৭৪ টেনিস খেলার প্রশিক্ষণের জন্য পরিকল্পনা ও কার্যক্রম গ্রহন।

৭.৫ টেনিসের মান উন্নীত করণ।

৭.৬ জাতীয়, আঞ্চলিক, শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক ও আন্তর্জাতিক পর্যায়ের প্রতিযোগিতা, চ্যারিটী/ প্রদর্শনী ইত্যাদি খেলার ব্যবস্থা গ্রহণ।

৭.৭ আন্তর্জাতিক প্রতিযোগিতায় জাতীয় দলের ও খেলোয়াড়দের অংশগ্রহণের ব্যবস্থা গ্রহণ।

৭.৮ দরিদ্র ও খ্যাতনামা খেলোয়াড়দের কল্যাণে সহায়তা প্রদান।

৭.৯ ক্রীড়া সংস্থা/সংগঠন/টেনিস ক্লাবসমূহকে মঞ্জুরী ও সুবিধাদি প্রদান।

৭.১০ টনিসের উন্নয়ন কল্পে অর্থ সংগ্রহ, বই, পত্রিকা/পুস্তিকা, সারণিকা প্রকাশ ও গ্রন্থাগার স্থাপন। স্পোর্টস মেডিসিন ও স্পোর্টস সাইন্সের সুবিধাদি প্রদান।

৭.১১ জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে টেনিসের উপর সেমিনার, সিম্পোজিয়াম ও ওয়ার্কশপ অনুষ্ঠানের ব্যবস্থা ও অংশগ্রহণ।

৭.১২ টেনিস কোচ সৃষ্টির লক্ষ্যে জাতীয় ও আন্তর্জাতিক কোচিং প্রোগ্রামের ব্যবস্থা ও অংশ গ্রহণ।

৭.১৩ খেলার সরঞ্জামাদি সহজলভ্য করণ।

৭.১৪ ক্রীড়া সংস্থা/সংগঠন/টেনিস ক্লাব/ক্রীড়াবিদদের মধ্যে শৃঙ্খলার নিশ্চয়তা বিধান।

৭.১৫ উপরে বর্ণিত উদ্দেশ্য অর্জনে সহায়ক হইতে পারে এমন প্রয়োজনীয় কার্যাদি সমাপন অথবা বাংলাদেশ সরকার অথবা সংশ্লিষ্ট খেলার আঞ্চলিক/আন্তর্জাতিক সংস্থার নির্দেশাবলী পালন।

৭.১৬ তথ্য প্রযুক্তি (আইটি) উন্নতকরণের লক্ষ্যে যাবতীয় সুবিধাদির ব্যবস্থা।

৮. সাধারণ পরিষদ ঃ

৮.১ ফেডারেশন এর সাধারণ পরিষদ নিম্নরূপ ঃ

৮.১.১ এ্যাফিলিয়েটেড ক্লাব/সংস্থা হতে প্রেরিত প্রতিনিধি।

৮.১.২ বিভাগীয় ক্রীড়া সংস্থা হতে প্রেরিত প্রতিনিধি।

৮.১.৩ জাতীয় মহিলা ক্রীড়া সংস্থা হইতে প্রেরিত প্রতিনিধি।

৮.১.৪ জাতীয় টেনিস কার্যক্রমে অংশগ্রহণকারী জেলা ক্রীড়া সংস্থা হইতে প্রেরিত প্রতিনিধি।

৮.২ প্রত্যেক সদস্য ক্লাব/সংস্থা নিম্নরূপভাবে প্রতিনিধিত্ব করিবে।

৮.২.১ টেনিস ফেডারেশন হইতে এ্যাফিলিয়েশন গ্রহণ করিয়াছে এমন সংস্থা, ক্লাব - ১ জন প্রতিনিধি। বা প্রতিষ্ঠান

খন্দকার আনোয়ারুল ইসলাম
পরিচালক (ক্রীড়া), জাতীয় ক্রীড়া পরিষদ
ও
সদস্য সচিব
গঠনতন্ত্র পরীক্ষা-নিরীক্ষা কমিটি

৮.২.২ যে সকল সংস্থা/ক্লাব নির্বাচন পূর্ববর্তী ৪ (চার) বছরের মধ্যে যে কোন বৎসরে একটি জাতীয় ভিত্তিক অথবা আন্তর্জাতিক সিনিয়র/জুনিয়র প্রতিযোগিতার আয়োজন করিয়াছে - ২ জন প্রতিনিধি।

৮.২.৩ যে সকল সংস্থা/ক্লাব নির্বাচন পূর্ববর্তী ৪ (চার) বছরের মধ্যে দুই বা ততোধিক জাতীয় ভিত্তিক সিনিয়র/জুনিয়র প্রতিযোগিতা অথবা আন্তর্জাতিক সিনিয়র/জুনিয়র প্রতিযোগিতার আয়োজন করিয়াছে - ৩ জন প্রতিনিধি।

৮.২.৪ প্রতি বিভাগীয় ক্রীড়া সংস্থা হইতে - ১ জন প্রতিনিধি।

৮.২.৫ জাতীয় মহিলা ক্রীড়া সংস্থা হইতে - ২ জন প্রতিনিধি।

৮.২.৬ জাতীয় পর্যায়ে স্বীকৃত নির্বাচন পূর্ববর্তী ৪ বছরে কমপক্ষে একটি জাতীয় প্রতিযোগিতায় অংশগ্রহণকারী জেলা ক্রীড়া সংস্থা - ১ জন প্রতিনিধি।

৮.২.৭ খ্যাতনামা টেনিস খেলোয়াড়/টেনিস সংগঠকদের মধ্য হইতে জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক মনোনীত - ৫ জন প্রতিনিধি।

৮.২.৮ নির্বাচনের অব্যবহিত পূর্বের নির্বাহী কমিটির সর্বশেষ নির্বাচিত সাধারণ সম্পাদক সাধারণ পরিষদের সদস্য হইবেন।

৮.২.৯ আইটিএফ অথবা এশিয়ান টেনিস ফেডারেশনের নির্বাহী কমিটিতে কার্যরত বাংলাদেশী প্রতিনিধি তাঁহার কার্যকালীন সময় পর্যন্ত সাধারণ পরিষদের সদস্য থাকিবেন।

৮.২.১০ সাধারণ পরিষদের প্রতিনিধিগণকে বাংলাদেশের নাগরিক ও বয়স ২৫ বৎসরের উর্দ্ধে হইতে হইবে।

৮.৩ সাধারণ পরিষদের দায়িত্ব

৮.৩.১ গঠণতন্ত্র সংশোধন।

৮.৩.২ নির্বাহী কমিটি নির্বাচন।

৮.৩.৩ ফেডারেশনের বাৎসরিক বাজেট, আয়-ব্যয় ও অডিট রিপোর্ট অনুমোদন।

৮.৩.৪ বাৎসরিক ক্রীড়াপঞ্জী অনুমোদন।

৮.৩.৫ ফেডারেশনের স্বার্থ বিষয়ক অন্যান্য বিষয়াদি।

৯. ফি এবং চাঁদা ঃ

৯.১ এ্যাফিলিয়েশন ফি ঃ

প্রতিটি এ্যাফিলিয়েটেড ক্লাব/সংস্থাকে সাধারণ পরিষদ কর্তৃক নির্ধারিত এ্যালিয়েশন ফি প্রদান করিতে হইবে।

৯.২ বাৎসরিক চাঁদা ঃ

৯.২.১ প্রতি ক্লাব/সংস্থা - সাধারণ পরিষদ কর্তৃক নির্ধারিত।

৯.২.২ অর্থ বৎসরের প্রথম মাসে বাৎসরিক ভিত্তিতে অগ্রিম পরিশোধ করিতে হইবে।

পুলকার আনোয়ারুল ইসলাম
পরিচালক (ক্রীড়া), জাতীয় ক্রীড়া পরিষদ
ও
যুগ্ম সচিব

৯.২.৩ বৎসরের চাঁদা বা অন্য কোন পাওনা সম্পূর্ণ পরিশোধ না করিলে সংশ্লিষ্ট সংস্থার/ক্লাবের সদস্য ফেডারেশনের কোন সভা অথবা এর কোন কমিটি বা উপ-কমিটিতে ভোটাধিকার প্রয়োগ করিতে পারিবে না।

৯.২.৪ উপর্যাপরি ৩ (তিন) বছর পর্যন্ত চাঁদা পরিশোধ করিতে ব্যর্থ হইলে এ্যাফিলিয়েশন বাতিল বলিয়া গণ্য হইবে। সেই ক্ষেত্রে সাধারণ পরিষদ কর্তৃক পূর্ব নির্ধারিত জরিমানা ও বকেয়া পরিশোধ পূর্বক এ্যাফিলিয়েশন পুনর্বহাল করা যাইবে।

১০. এ্যাফিলিয়েশনের প্রকৃতি ঃ

১০.১ সংস্থা ও সংগঠন সমূহ বাংলাদেশ টেনিস ফেডারেশন কর্তৃক এ্যাফিলিয়েশন প্রাপ্তির যোগ্য হইবে যদি ঃ

১০.১.১ ইহা নিয়মতান্ত্রিকভাবে গঠণ হইয়া থাকিলে।

১০.১.২ নিজস্ব টেনিস কোর্ট থাকিলে।

১০.১.৩ টেনিসের উন্নয়নের লক্ষ্যে নিয়মিত জুনিয়র প্রশিক্ষণের ব্যবস্থাসহ জুনিয়র ও সিনিয়রদের টেনিস খেলার কার্যক্রম থাকিলে।

১০.২ উপরে বর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে স্বীকৃতি ফি সহ ফেডারেশনের নির্ধারিত ফর্মে আবেদন পত্র দাখিল করিতে হইবে। যে কোন আবেদন গ্রহন বা বাতিল করিবার ক্ষমতা ফেডারেশন সংরক্ষণ করিবে।

১১. সাধারণ পরিষদের সদস্য পদ বাতিল ঃ

নিম্নে বর্ণিত কারণে ক্লাব/সংস্থার সদস্য পদ বাতিল হইবে ঃ

১১.১ ইচ্ছাকৃতভাবে ক্লাব/সংস্থা কর্তৃক সদস্য পদ প্রত্যাহার করিলে।

১১.২ প্রদেয় বার্ষিক চাঁদা উপর্যুপরি তিন বছর পরিশোধ করিতে ব্যর্থ হইলে।

১১.৩ প্রশাসনিক কারণে বহিস্কৃত হইলে।

১২. কার্যনির্বাহী কমিটি ঃ

সভাপতি (সরকার কর্তৃক মনোনীত)	-	১ জন
সহ-সভাপতি	-	৫ জন
সাধারণ সম্পাদক	-	১ জন
যুগ্ম সম্পাদক	-	২ জন
কোষাধ্যক্ষ	-	১ জন
সদস্য	-	১৫ জন
মহিলা সদস্য	-	১ জন
সদস্য (জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক মনোনীত)	-	১ জন
মোট	ঃ	২৭ জন

খন্দকার আনোয়ারুল ইসলাম
(ক্রীড়া), জাতীয় ক্রীড়া পরিষদ

১২.১ নির্বাহী কমিটির সকল পদ (মনোনীত পদ বাদে) সাধারণ পরিষদ কর্তৃক ভোটে নির্বাচিত হইবে।

১২.২ নির্বাহী কমিটি কাজের সুবিধার্থে প্রয়োজনবোধে উপ-কমিটি গঠন করিতে পারিবে। উপ-কমিটির দায়-দায়িত্ব ও কার্যপ্রণালী নির্বাহী কমিটি ঠিক করিবে। কমিটির চেয়ারম্যান ও সদস্যগণ নির্বাহী কমিটি/সাধারণ পরিষদের কর্মকর্তা/সদস্য হইবে। নির্বাহী কমিটি টেনিসের উন্নয়নের লক্ষ্যে কৃতি সংগঠক/কৃতি প্রাক্তন খেলোয়াড় অথবা টেনিসের উন্নয়নে কাজ করিতে পারে এমন ব্যক্তিকে কমিটিগুলির চেয়ারম্যান/সদস্য পদে মনোনয়ন প্রদান করিতে পারিবে। তবে, তাহাদের কেহ নির্বাহী কমিটির সভায় আমন্ত্রণক্রমে যোগদান করিলে ভোটাধিকার প্রয়োগ করিতে পারিবে না।

১৩. কার্যনির্বাহী কমিটির কর্মকর্তাদের দায়িত্ব ও কার্যাবলী ঃ

১৩.১ সভাপতি ঃ

তিনি নির্বাহী কমিটির প্রধান হইবেন।

১৩.১.১ ফেডারেশনের সকল সভার সভাপতিত্ব করিবেন। বিশেষ ক্ষেত্রে তিনি কাস্টিং ভোট প্রদান করিতে পারিবেন।

১৩.১.২ জরুরী ও তলবী সভা আহ্বান করিতে পারিবেন।

১৩.১.৩ নির্বাহী কমিটি কর্তৃক সুপারিশকৃত কর্মচারী নিয়োগ, অপসারণ, সাময়িকভাবে বরখাস্ত করিবার অনুমোদন প্রদান করিবে।

১৩.১.৪ সাধারণ সম্পাদকের সহিত আলোচনা সাপেক্ষে ফেডারেশনের স্বার্থে জরুরী কোন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে। তবে, পরবর্তী নির্বাহী কমিটির সভায় উহা অনুমোদন করিতে হইবে।

১৩.১.৫ গঠণতন্ত্রের অন্যত্র ধারায় উল্লেখ আছে এমন অন্যান্য কার্যাবলী সম্পাদন করিবে ফেডারেশনের সুষ্ঠু পরিচালনার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে সাধারণ সম্পাদককে পরামর্শ প্রদান করিবে।

১৩.২ সহ-সভাপতি ঃ

সভাপতির অনুপস্থিতিতে ঊর্দ্ধতন সহ-সভাপতি সভাপতির দায়িত্ব পালন করিবেন। নির্বাচনে প্রাপ্ত ভোটের ভিত্তিতে সহ-সভাপতিগণের জ্যেষ্ঠতা নির্ণয় করা হইবে।

১৩.৩ সাধারণ সম্পাদক ঃ

সাধারণ সম্পাদক নির্বাহী কমিটির মুখপাত্র ও ফেডারেশনের প্রধান নির্বাহী হিসাবে দায়িত্ব পালন করিবেন।

১৩.৩.১ সভাপতি'র অনুমতি সাপেক্ষে ন্যূনপক্ষে দুইমাসে নির্বাহী কমিটির একটি সভা আহ্বান ও ইহার নোটিশ জারী করিবে, সভার কার্যবিবরণী রেকর্ড এবং পরবর্তী সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করিবে।

১৩.৩.২ সাধারণ পরিষদ এবং নির্বাহী কমিটির সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করিবে।

১৩.৩.৩ ফেডারেশনের তরফ হইতে সকল পত্র যোগাযোগ করিবে।

১৩.৩.৪ ফেডারেশনের নথিপত্র, রেজিস্টার, স্টোর, ইনভেন্টরী ইত্যাদি সংরক্ষণের ব্যবস্থা করিবে।

১৩.৩.৫ সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষ যৌথভাবে চেক স্বাক্ষর করিবে। কোষাধ্যক্ষের অবর্তমানে ও বিশেষ অবস্থায় সভাপতির সহিত যৌথভাবে চেক স্বাক্ষর করিবে।

১৩.৩.৬ পেমেন্টের আদেশ প্রদান করিবে।

১৩.৩.৭ ফেডারেশনের সকল রেকর্ডপত্র, সম্পত্তি ও নথির রক্ষক হিসাবে কাজ করিবে।

১৩.৩.৮ সাধারণ পরিষদ বা নির্বাহী কমিটি কর্তৃক অর্পিত দায়িত্ব পালন করিবে।

১৩.৩.৯ ইমপ্রেস্ট তহবিল সংরক্ষণ করিবে।

১৩.৩.১০ ফেডারেশনের নীতি নির্ধারণ বিষয়ে সহায়তা প্রদান করিবে।

১৩.০৩.১১ সকল স্থায়ী ও উপ-কমিটিতে পদাধিকার বলে সদস্য হইবে।

১৩.৩.১২ বার্ষিক রিপোর্ট ও কার্যসূচী তৈরী করিবে এবং উহা সাধারণ পরিষদ ও নির্বাহী কমিটির সভায় পেশ করিবে।

১৩.৩.১৩ ফেডারেশনের সুষ্ঠু পরিচালনার জন্য কিংবা গঠণতন্ত্রের অন্যত্র উল্লেখ আছে এমন ধরণের কাজ সম্পন্ন করিবে।

১৩.৩.১৪ সংগঠনের দক্ষ ও সুষ্ঠু পরিচালনার জন্য প্রয়োজনে নির্বাহী কমিটির অনুমতি সাপেক্ষে কতিপয় ক্ষমতা ও দায়িত্ব নির্বাহী কমিটির অন্য কোন সদস্যকে অর্পন করিতে পারিবে।

১৩.৩.১৫ কার্যনির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত বা অর্পিত যে কোন কার্যাদেশ গ্রহণ করিবার ক্ষমতা থাকিবে।

১৩.৪ যুগ্ম-সম্পাদক ঃ

সাধারণ সম্পাদক এর অনুপস্থিতিতে উর্দ্ধতন যুগ্ম-সম্পাদক সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করিবে। নির্বাচনে প্রাপ্ত ভোটের ভিত্তিতে জ্যেষ্ঠতা নির্ণয় করিতে হইবে। তাঁহারা সাধারণ সম্পাদককে বিভিন্ন কর্মকান্ডে সহায়তা করিবে।

১৩.৫ কোষাধ্যক্ষ ঃ

দায়িত্ব ও ক্ষমতা ঃ

১৩.৫.১ ফেডারেশনের তহবিলের দায়িত্বে থাকিবে। নির্বাহী কমিটির অনুমোদন সপেক্ষে সিডিউল ব্যাংকে তহবিল জমা করিবে। ব্যাংকে রক্ষিত হিসাব সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষ যৌথভাবে পরিচালনা করিবে।

১৩.৫.২ ফেডারেশনের সমুদয় অর্থ গ্রহণ করিবে, সাধারণ সম্পাদক কর্তৃক অনুমোদিত বিল পরিশোধ করিবে।

১৩.৫.৩ ব্যাংক চেক, হিসাব বহি, ভাউচার ইত্যাদি সহ হিসাব সংক্রান্ত রেকর্ড পত্রের ইনচার্জ হিসাবে থাকিবে।

১৩.৫.৪ অডিট কর্তৃক নিরীক্ষিত হিসাব পত্র সহ বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন করিবে।

খন্দকার আনোয়ারুল ইসলাম
(ভোলা), জাতীয় ক্রীড়া পরিষদ

১৩.৫.৫ সাধারণ সম্পাদকের সাহিত আলোচনা করিয়া বার্ষিক বাজেট প্রস্তুত করিবে এবং উহা বার্ষিক সাধারণ সভায় পেশ করিবে।

১৩.৫.৬ কোষাধ্যক্ষ ও সাধারণ সম্পাদক যৌথভাবে চেক স্বাক্ষর করিবেন। সাধারণ সম্পাদকের অবর্তমানে বিশেষ অবস্থায় সভাপতির সহিত যৌথভাবে চেক স্বাক্ষর করিবে।

১৩.৫.৭ গঠণতন্ত্রে উল্লেখিত অন্যান্য দায়িত্ব পালন করিবে।

১৩.৫.৮ কোষাধ্যক্ষ সকল আর্থিক কর্মকান্ডের রক্ষক হইবে।

১৩.৬ সদস্য ঃ

নির্বাহী কমিটির সভায় যোগদান করিয়া আলোচনায় অংশগ্রহণ ও মতামত প্রদান করিবে। ফেডারেশনের স্বার্থে নির্বাহী কমিটি, সভাপতি বা সাধারণ সম্পাদক কর্তৃক অর্পিত দায়িত্ব সম্পাদন করিবে।

১৩.৭ নির্বাহী কমিটি ঃ

নির্বাহী কমিটি সাধারণ পরিষদের পক্ষে কাজ করিবে। ফেডারেশনের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য গঠণতন্ত্রে বর্ণিত সকল ক্ষমতা সাধারণ সম্পাদক এর মাধ্যমে প্রয়োগ করিতে পারিবে। প্রয়োজনে বিভিন্ন স্থায়ী কমিটি, উপ-কমিটি গঠণসহ বিধি-উপবিধি প্রণয়ন করিতে পারিবে। নির্বাহী কমিটির গৃহীত সিদ্ধান্ত সংবিধানে উল্লেখিত কোন বিষয়ের পরিপন্থী হইবে না।

১৪. সভা

১৪.১ সাধারণ সভা ঃ

প্রতি চার বছরের মধ্যে কমপক্ষে দুইবার সাধারণ সভা অনুষ্ঠিত হইবে। আর্থিক বৎসর সমাপ্তির ১২০ দিনের মধ্যে নির্বাহী কমিটির সিদ্ধান্ত অনুযায়ী নির্ধারিত স্থানে ও সময়ে সাধারণ পরিষদের সভা অনুষ্ঠিত হইবে। তবে বিশেষ পরিস্থিতিতে এই সময় পরিবর্তন করা যাইবে।

১৪.১.১ নোটিশ ঃ

সাধারণ সম্পাদক সংশ্লিষ্ট সদস্যদের ৩০ (ত্রিশ) দিন পূর্ণ সময় দিয়া সভার নোটিশ জারী করিবে।

১৪.১.২ কর্মসূচী ঃ

১৪.১.২.১ পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

১৪.১.২.২ সাধারণ সম্পাদক কর্তৃক বাৎসরিক প্রতিবেদন পেশ।

১৪.১.২.৩ কোষাধ্যক্ষ কর্তৃক পেশকৃত নিরীক্ষা রিপোর্ট ও আয়-ব্যয় সংক্রান্ত হিসাবের প্রতিবেদন অনুমোদন।

১৪.১.২.৪ গঠণতন্ত্র সংশোধন (যদি প্রয়োজন হয় এবং নোটিশ প্রদান করা হইয়া থাকে)।

খন্দকার আনোয়ারুল ইসলাম
পরিচালক (ক্রীড়া), জাতীয় ক্রীড়া পরিষদ
ও
সদস্য সচিব
জাতীয় নির্বাচনী পরিষদ

১৪.১.২.৫ অন্য কোন কার্যাবলী যাহার জন্য নোটিশ প্রদান করা হইয়াছে। যেমন ঃ আপীল, অনুমোদন ইত্যাদি।

১৪.১.২.৬ সভাপতির অনুমতিক্রমে অন্য কোন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তগ্রহণ।

১৪.১.২.৭ অফিস বিয়ারার এবং নির্বাহী কমিটির সদস্যদের নির্বাচন।

১৪.১.২.৮ বার্ষিক রিপোর্ট, হিসাবের বিবরণ এবং আনুসংগিক অন্য সকল কাগজপত্র কর্মসূচীর সহিত সংযুক্তপূর্বক সদস্যদের নিকট বিতরণ।

১৪.১.২.৯ অডিটর নিয়োগ।

১৪.২ বিশেষ সাধরণ সভা ঃ

নির্বাহী কমিটির কিংবা সাধারণ পরিষদের গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে অথবা সাধারণ পরিষদের কমপক্ষে ১/৩ অংশ সদস্যের লিখিত তলব মোতাবেক অথবা সভাপতির আহ্বানে সিদ্ধান্ত তলব কিংবা সভাপতির নোটে উল্লেখিত বিষয়ে বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য বিশেষ সাধারণ সভার আয়োজন করা যাইতে পারে। সাধারণ সম্পাদক ২১ দিনের সময় দিয়া এই ধরণের সভার নোটিশ সকল সদস্যের কাছে প্রেরণ করিবেন।

১৪.৩ তলবী সভা ঃ

সাধারণ পরিষদের দুই তৃতীয়াংশ সদস্যের লিখিত অনুরোধে সভাপতি তলবিসভা অনুষ্ঠানের ব্যবস্থা করিবেন।

১৪.৪ জরুরী এবং মূলতবী সভা ঃ

১৪.৩.১ ন্যূনপক্ষে ৩ (তিন) দিনের নোটিশে নির্বাহী কমিটি এবং ৭ (সাত) দিনের নোটিশে সাধারণ পরিষদের জরুরী সভা আহ্বান করা যাইবে।

১৪.৩.২ এক তৃতীয়াংশ সদস্যের অভাবে কোন সভা মূলতবী হইলে উহা আহ্বানের জন্য কোন নির্দিষ্ট সময় কিংবা কোরামের প্রয়োজন হইবে না।

১৪.৫ নির্বাহী কমিটির সভা ঃ

ফেডারেশনের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা এবং এতদসংক্রান্ত বিষয়াদির উপর সিদ্ধান্ত গ্রহণের জন্য ন্যুনপক্ষে ২ মাসে নির্বাহী কমিটির একটি সভা আহ্বান করিতে হইবে। সভাপতি'র অনুমতি গ্রহণপূর্বক কমপক্ষে ৭ দিনের নোটিশ জারীর মাধ্যমে সাধারণ সম্পাদক নির্বাহী কমিটির সভা আহ্বান করিবেন। অতি জরুরী বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের প্রয়োজন হইলে ৩ দিনের নোটিশে জরুরী সভা আহ্বান করা যাইবে।

১৪.৬ সভার সিদ্ধান্ত নির্ণয় ঃ

১৪.৬.১ সাধারণ পরিষদের সভায় হাত উঠাইয়া ভোট প্রদান করিতে হইবে। তবে উপস্থিত ১/৩ অংশ সদস্য ব্যালটের মাধ্যমে ভোট প্রদানে ইচ্ছুক হইলে ব্যালট দ্বারা ভোট প্রদান করিতে হইবে। নির্বাচনের ক্ষেত্রে ব্যালটের মাধ্যমে সকল ভোট অনুষ্ঠিত হইবে।

১৪.৬.২ যখন কোন সভা আহ্বান করা সম্ভব হইবে না তখন কোন ব্যাপারে জরুরী সিদ্ধান্তের প্রয়োজন হইলে, কার্যনির্বাহী কমিটি উহা প্রচারের মাধ্যমে করিতে পারিবে। প্রচারের মাধ্যমে গৃহীত এই ধরনের সভার সিদ্ধান্ত পরবর্তী সভায় অনুমোদনের জন্য পেশ করিতে হইবে।

১৫. কোরাম

সভাপতি, সহ-সভাপতি ও সাধারণ সম্পাদকসহ ১/৩ অংশ সদস্য উপস্থিত থাকিলে কোরাম হইয়াছে বলিয়া বিবেচিত হইবে। সভার নির্ধারিত সময়ের ৩০ মিনিটের মধ্যে কোরাম পূর্ণ না হইলে সভা বাতিল/মূলতবী বলিয়া গন্য হইবে।

১৬. উপস্থিতি

যদি কোন সদস্য বিনা কারণে উপর্যুপরি নির্বাহী কমিটির ৪ (চার) টি সভায় অনুপস্থিত থাকেন তবে, তাঁহার সদস্যপদ বাতিল বলিয়া বিবেচিত হইবে। এই ক্ষেত্রে উপর্যুপরি নির্বাহী কমিটির ৩ (তিন) টি সভায় অনুপস্থিত থাকিলে উক্ত সদস্যকে পত্রের মাধ্যমে পদ বাতিলের বিষয় অবহিত করিতে হইবে। যদি কোন সদস্য এই সময় দেশের বাহিরে অবস্থান করেন অথবা অসুস্থতার কারণে চিকিৎসাধীন থাকেন, তবে এই শর্তের আওতাভুক্ত হইবেন না, সেই ক্ষেত্রে ফেডারেশনকে পত্রের মাধ্যমে অবগত করিতে হইবে।

১৭. তহবিল ঃ

ফেডারেশনের সকল তহবিল নির্বাহী কমিটির অনুমোদনক্রমে ঢাকায় অবস্থিত তফসিলি ব্যাংকে সংরক্ষণ করিতে হইবে। সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষ যৌথভাবে উহা পরিচালনা করিবে। যে কোন একজনের অনুপস্থিতিতে সভাপতি স্বাক্ষর করিবে।

১৮. পরিদর্শন ও হিসাব নিরীক্ষা ঃ

১৮.১ জাতীয় ক্রীড়া পরিষদের চেয়ারম্যান অথবা চেয়ারম্যান কর্তৃক নিয়োজিত কমপক্ষে প্রথম শ্রেণীর পদমর্যাদাসম্পন্ন কোন পদাধিকারী ফেডরেশনের বিষয়াদি পরিদর্শন করিতে পারিবে। ফেডারেশন এই ধরণের পদাধিকারীকে সম্ভাব্য সকল প্রকার সহায়তা প্রদান করিবে।

১৮.২ বার্ষিক ও বিশেষ হিসাব নিরীক্ষা ঃ

অর্থ বছর শেষ হওয়ার ১২০ দিনের মধ্যে ফেডারেশন নিজস্ব বার্ষিক হিসাব নিরীক্ষার ব্যবস্থা করিবে।

১৯. ফেডারেশনের কার্যপ্রণালী

নির্বাহী কমিটির সভা ঃ

ফেডারেশনের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও এতদসংক্রান্ত বিষয়াদির উপর সিদ্ধান্তের জন্য ন্যূনপক্ষে ২ মাসে নির্বাহী কমিটির ১ (এক) টি সভা আহ্বান করিতে হইবে।

খন্দকার আশোয়াকুল ইসলাম
পরিচালক (ক্রীড়া), জাতীয় ক্রীড়া পরিষদ
ও
সদস্য সচিব
নির্বাহী কমিটি

২০. আর্থিক ক্ষমতা

২০.১ সাধারণ পরিষদ ঃ

যে কোন পরিমাণ অর্থ মঞ্জুর করিতে পারিবে।

২০.২ নির্বাহী কমিটি ঃ

কাজের গুরুত্ব বিবেচনা করিয়া যে কোন নির্দিষ্ট কাজের জন্য প্রয়োজনীয় অর্থের অনুমোদন প্রদান করিতে পারিবে। তবে, পরবর্তী সাধারণ সভায় উহা অনুমোদন করিতে হইবে।

২০.৩ সভাপতি ঃ

সাধারণ সম্পাদকের সুপারিশক্রমে জরুরী প্রয়োজনে পরবর্তী সভার অনুমোদন সাপেক্ষে সর্বোচ্চ টাকা ১ (এক) লাখ বরাদ্দ করিতে পারিবে।

২০.৪ সাধারণ সম্পাদক

জরুরী কাজের জন্য টাকা ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) পর্যন্ত অনুমোদন করিতে পারিবে। তবে পরবর্তী কার্যনির্বাহী কমিটির সভায় উহা অনুমোদন করিতে হইবে।

সাধারণ সম্পাদক অনুমোদনের ভিত্তিতে বর্ণিত কাজের বাজেট/প্রাক্কলন/ব্যয়, ভাউচার স্বাক্ষর করিবে।

২১. গঠণতন্ত্র সংশোধন ঃ

২১.১ সাধারণ সভার নির্ধারিত সময়ের কমপক্ষে ৬০ দিন পূর্বে প্রাপ্ত গঠণতন্ত্রের কোন ধারা/উপধারার সংশোধনের লিখিত প্রস্তাব সাধারণ সম্পাদক নির্বাহী কমিটির সভায় উপস্থাপন করিবে। গৃহীত প্রস্তাবাবলী সাধারণ সভার আলোচ্যসূচীতে অন্তর্ভূক্ত করিয়া সাধারণ পরিষদের সকল সদস্যের নিকট প্রেরণ করিবে।

২১.২ সাধারণ পরিষদের ১/৩ অংশ সদস্যের স্বাক্ষরে নির্বাহী কমিটির মাধ্যমে অথবা সরাসরি সাধারণ সভার ৩০ (ত্রিশ) দিনের নোটিশে এই রূপ প্রস্তাব সকল সদস্যের নিকট প্রেরণ করিতে হইবে।

২১.৩ সাধারণ পরিষদের ২/৩ অংশ সদস্যের ভোটে গঠণতন্ত্রের ধারা-উপধারা সংশোধন করা যাইবে। অর্থাৎ যদি ৯০ (নব্বই) জন সদস্যের সমন্বয়ে সাধারণ পরিষদ গঠিত হয় তবে সংশোধনের জন্য স্বপক্ষে ৬০ জনের ভোট প্রয়োজন হইবে।

২২. নির্বাচন ঃ

প্রতি চার বছর অন্তর সাধারণ পরিষদের সদস্যদের গোপন ব্যালটের মাধ্যমে নির্বাহী কমিটির নির্বাচন অনুষ্ঠিত হইবে। নির্বাহী কমিটির কার্যকাল শেষ হওয়ার ৯০ দিনের মধ্যে নির্বাচন সম্পন্ন করিতে হইবে। খসড়া ভোটার তালিকা প্রণয়নের লক্ষ্যে গঠণতন্ত্রে বর্ণিত সকল ক্লাব/সংস্থাকে ন্যূনপক্ষে ২১ (একুশ) দিনের নোটিশ প্রদান করিয়া তাঁহাদের স্ব স্ব কাউন্সিলারদের মনোনয়ন প্রেরণের জন্য পত্রের মাধ্যমে অবহিত করিতে হইবে।

সরকার আনোয়ারুল ইসলাম
(...), জাতীয় ক্রীড়া পরিষদ

২৩. নির্বাচন কমিশন ঃ

নির্বাচনের অন্তত ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পূর্বে জাতীয় ক্রীড়া পরিষদ নির্বাচন কমিশন গঠন করিবে। কমিশন নির্বাচন বিধিমালা প্রণয়ন, তফশিল ঘোষণা, ফেডারেশন কর্তৃক প্রদত্ত খসড়া ভোটার তালিকা চূড়ান্তকরণ, আপত্তি নিষ্পত্তিসহ যাবতীয় কার্যাদি সম্পন্ন করিবে। আপত্তির ক্ষেত্রে কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গন্য হইবে।

২৪ নির্বাচিত কমিটির দায়িত্ব গ্রহণ ঃ

নির্বাচনের পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে নব নির্বাচিত কমিটির নিকট দায়িত্ব হস্তান্তর করিবে। যদি কোন কারণে দায়িত্ব হস্তান্তরে ব্যর্থ হয় তবে ১৬তম দিনে স্বয়ংক্রিয়ভাবে নব নির্বাচিত কমিটি ফেডারেশনের দায়িত্ব গ্রহণ করিবে।

২৫ ভাতা ঃ

ফেডারেশনের কাজের স্বার্থে যদি কোন কর্মকর্তাকে হেড কোয়ার্টারের বাহিরে প্রেরণ করিতে হয়, তবে যুক্তি সম্মত ভ্রমণ ও দৈনিক ভাতা প্রদান করিতে হইবে।

২৬ পদ শূন্য ঃ

নির্বাহী কমিটির কোন সদস্য স্বেচ্ছায় পদত্যাগ করিলে / মৃত্যু ঘটিলে / মানসিক ভারসাম্য হারাইলে / দেউলিয়া হইলে / ফৌজদারী অপরাধে দন্ডিত হইলে তাঁহার পদটি শূন্য বলিয়া গন্য হইবে।

শূন্যপদ পূরণ ঃ

সহ-সভাপতি, সাধারণ সম্পাদক, কোষাধ্যক্ষ, যুগ্ম-সম্পাদক পদ শূন্য হইলে পরবর্তী ৯০ দিনের মধ্যে উপ-নির্বাচনের মাধ্যমে উহা পূরণ করিতে হইবে। সদস্যদের ক্ষেত্রে যদি দুই বা ততোধিক পদ শূন্য হয় তাহা হইলে শূন্যের পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে উপ-নির্বাচনের মাধ্যমে উহা পূরণ করিতে হইবে। তবে, পদ শূন্য হইবার পরে কমিটির সময়সীমা অনধিক ৬ (ছয়) মাস থাকিলে সেইক্ষেত্রে নির্বাচনের প্রয়োজন হইবে না। বিশেষ ক্ষেত্রে সাধারণ পরিষদ হইতে কো-অপ্টের মাধ্যমে শূন্য পদ পূরণ করিতে হইবে।

২৭. তহবিলের উৎস ঃ

নিজস্ব আয়, আন্তর্জাতিক টেনিস ফেডারেশন (আইটিএফ), এশিয়ান টেনিস ফেডারেশন (এটিএফ), বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশন (বিওএ) ইত্যাদি সংস্থা হইতে প্রাপ্ত এবং সরকার কর্তৃক প্রদেয় অর্থ।

২৮. আরবিট্রেশন ঃ

২৮.১ বাংলাদেশ টেনিস ফেডারেশনের সকল এ্যাফিলিয়েটেড ক্লাব/সংস্থা, কর্মকর্তা/খেলোয়াড় বা সংশ্লিষ্ট ব্যক্তি বিতর্কিত কোন বিষয়ে বিধি, উপ-বিধি সকল প্রক্রিয়া সমাপনান্তে সমস্যার সমাধান না হইলে; বিবদমান পক্ষ সমূহের কাছে গ্রহণযোগ্য কোন তৃতীয় মধ্যস্থতাকারীর মাধ্যমে উক্ত বিষয় সালিশীর মাধ্যমে সমাধান করিতে হইবে।

২৮.২ বাংলাদেশ টেনিস ফেডারেশন কিংবা সংশিষ্ট কোন কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে কোন ক্লাব/সংস্থা, কর্মকর্তা/খেলোয়াড় বা সংশ্লিষ্ট ব্যক্তি আদালতের আশ্রয় গ্রহণ করিতে পারিবে না। তবে, উপ-কমিটির গৃহীত সিদ্ধান্তের বিরুদ্ধে নির্বাহী কমিটির নিকট এবং নির্বাহী কমিটির গৃহীত সিদ্ধান্তের বিরুদ্ধে সাধারণ পরিষদের নিকট আপিল করা যাইবে। সাধারণ পরিষদের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

খন্দকার জানোয়ারুল ইসলাম
পরিচালক (ক্রীড়া), জাতীয় ক্রীড়া পরিষদ
ও
সদস্য সচিব
নির্বাহী কমিটি